অণ্টারিওতে স্বাস্থ্যসেবা ঃ আরম্ভ করা

আপনি যদি অণ্টারিওতে বাস করেন কিংবা কিছুদিনের মধ্যে বাসস্থান পরিবর্তন ক'রে আসতে চান, আপনার হয়তো প্রশ্ন থাকতে পারে কিভাবে আপনি স্বাস্থ্য সেবা পাবেন। যদি তাই হয়, তাহলে শুরু করার জন্য এটি হচ্ছে একটি প্রধান জায়গা। স্বাস্থ্যসেবা প্রক্রিয়া সম্বন্ধে অণ্টারিওতে বসবাসকারীদের সাধারণ প্রশ্নগুলির উত্তর আপনি খুঁজে পাবেন। এই তথ্যসমূহ আমরা দুটি প্রধান শিরোনামে সাজিয়েছি :

- অণ্টারিওতে স্বাস্থ্যসেবার প্রক্রিয়া সম্বন্ধে
- স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য কিভাবে নিজেকে নিবন্ধন এবং শুরু করতে হবে

এই তথ্যপাতাটি আপনি ontario.ca/healthcarebasics ওয়েবসাইটে অনেক ভাষায় পাবেন। "Information in Other Languages" বোতাম টিপুন। অন্‌লাইন ভার্শনে টরণ্টোতে স্বাস্থ্যসেবা সম্বন্ধে সংযুক্ত করা আরো অনেক তথ্য আপনি পাবেন।

অণ্টারিওর স্বাস্থ্যসেবা প্রক্রিয়া সম্বন্ধে

১. স্বাস্থ্যসেবার জন্য খরচ কে বহন করে ?

আপনি যদি অণ্টারিওতে বসবাস করেন, স্বাস্থ্যসেবা দেয়ার ক্ষেত্রে খরচ বেশির ভাগ জনগণ বহন করেন। এর অর্থ হচ্ছে আপনার সব অথবা আংশিক খরচ সরকার বহন ক'রে থাকে। সেবাগুলির মধ্যে পড়ে ঃ

- আপনার ফ্যামিলী ডাক্তার ও স্পেশালিস্টদের পারিশ্রমিক
- স্বাস্থ্যসেবার সকল মৌলিক ও এমার্জেন্সী সার্ভিস সহ সার্জারী এবং হাসপাতালের খরচ

এইসব সেবার খরচ মেটানোর লক্ষ্যে অণ্টারিও সরকার Ontario Health Insurance Plan স্থাপন করেছে। অণ্টারিও'র মানুষজন এটিকে OHIP নামে জানে। অণ্টারিওতে বসবাসকারীগণ যখন ট্যাক্স দিয়ে থাকেন, তার কিছুটা অংশ এই প্ল্যানে যোগ করা হয় স্বাস্থ্যসেবার খরচ মেটাবার লক্ষ্যে। OHIP-এ অন্তর্ভুক্ত হওয়ার জন্য আপনাকে নিবন্ধনভুক্ত হতে হবে। আপনাকে সেবা দেয়ার জন্য ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যসেবাদানকারীগণ OHIP-এর কাছে তাঁদের সার্ভিসের জন্য বিল্ সাবমিট করে থাকেন।

__আভাস ঃ__ আপনি যদি OHIP পাওয়ার যোগ্য না হন, তাহলে অণ্টারিওতে থাকাকালীন আপনার স্বাস্থ্যসেবার খরচ আপনাকে বহন করতে হবে। কিংবা, আপনি প্রাইভেট হেল্‌থ্ ইন্স্যুরেন্স করতে পারেন। প্রাইভেট ইন্স্যুরেন্সের মাধ্যমে কোম্পানীকে আপনার মাসিক ফী দিতে হবে যেন আপনার বিশেষ বিশেষ স্বাস্থ্যসেবাদানের খরচ সেখান থেকে মেটানো যেতে পারে। আপনি যদি OHIP পাওয়ার যোগ্যও হন, আপনি প্রাইভেট ইন্স্যুরেন্সের মাধ্যমে খরচ মেটাতে পারেন যেগুলো OHIP-এর মধ্যে পড়ে না।

২. অণ্টারিও হেল্‌থ্ ইন্স্যুরেন্স প্ল্যানের Ontario Health Insurance Plan (OHIP) খরচ কে দেয় ?

OHIP হচ্ছে অণ্টারিও'র জন্য একটি সরকার-পরিচালিত প্ল্যান। এতে অর্থ আসে অণ্টারিওতে বসবাসকারী ও ব্যবসায়ীদের কাছ থেকে।

Bengali – Health Care in Ontario: Getting Started Cat# 016059 Nov/2010 © Queen's Printer for Ontario

৩. অণ্টারিও হেল্থ্ ইন্স্যুরেন্স প্রোগ্রাম Ontario Health Insurance Plan (OHIP)-এর অধীনে কোন্ স্বাস্থ্যসেবাগুলি অন্তর্ভুক্ত ?

OHIP বেশির ভাগ ক্ষেত্রে আপনার মৌলিক ও সঙ্কটপূর্ণ সার্ভিসের খরচ বহন করে থাকে – যতদিন পর্যন্ত স্বাস্থ্যগত কারণে আপনার প্রয়োজন হয়। OHIP-এর মাধ্যমে যে সার্ভিসগুলি আপনি পাবেন তার একটি তথ্যতালিকা এখানে দেয়া হলো ঃ

যে খরচ OHIP-এর মধ্যে পড়ে ঃ	যে খরচ OHIP-এর মধ্যে পড়ে না ঃ
• ক্যানাডায় থাকাকালীন বেশির ভাগ স্বাস্থ্যসেবা ও এমার্জিন্সী সার্ভিস – যতদিন স্বাস্থ্যের কারণে আপনার প্রয়োজন হয় • ক্যানাডার বাইরে থাকাকালীন কিছু জরুরি সার্ভিসের খরচ দেশের বাইরে থাকার সময়সীমার ক্ষেত্রে কিছু নিয়ম আছে	• অপ্রয়োজনীয় সার্ভিস যেমন সৌন্দর্যবর্ধক সার্জারী • প্রেস্ক্রিপশন ওষুধ, দাঁতের যত্ন এবং চোখের পরীক্ষা • হোম্ কেয়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স সার্ভিস এবং অণ্টারিও'র বাইরে থাকাকালীন দীর্ঘ-সময়ের সেবা

স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য কিভাবে নিবন্ধনভুক্ত হতে ও শুরু করতে হবে

৪. অণ্টারিও হেল্থ্ ইন্স্যুরেন্স প্ল্যান Ontario Health Insurance Plan (OHIP)-এর মাধ্যমে আমি কি স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য আবেদন করতে পারি ?

OHIP-আবেদন করার জন্য নিচের তালিকায় তিনটির ক্ষেত্রে অবশ্যই আপনাকে 'হ্যাঁ' বলতে হবে ঃ

- আপনার মৌলিক বাড়ি অথবা বাসস্থান কি অণ্টারিও ?
- অণ্টারিওতে বসবাসের প্রথম ছয় মাস আপনি কি ৩০দিনের জন্য বাইরে ছিলেন ?
- যে কোনো টানা ১২-মাসের সময়ে আপনি কি অণ্টারিওতে অন্তত্পক্ষে ১৫৩ দিন ছিলেন ?

অন্যান্য কিছু শর্তও প্রযোজ্য হবে। যেমন, আপনি OHIP-যোগ্য হবেন না যদি আপনি ঃ

- একজন অতিথি অথবা পর্যটক হন
- আশ্রয়প্রার্থী পদমর্যাদার জন্য আবেদন ক'রে থাকেন
- যে কোনো ১২-মাস সময়ের মধ্যে ১৫৩ দিনের বেশি অণ্টারিও'র বাইরে ছিলেন
- আপনার প্রথম ১৮৩ দিনের মধ্যে ৩০দিনের জন্য অণ্টারিও'র বাইরে ছিলেন
- বিদেশাগত স্টুডেণ্ট কিংবা কোনো কোনো ক্ষেত্রে একজন বিদেশি চাকুরে

কিভাবে OHIP-এ আবেদন করতে হবে আপনি (who can apply for OHIP) অন্লাইনে জানতে পারবেন।

> *আভাস :* অণ্টারিওতে আপনি যদি নতুন হন, তাহলে তিন মাস অপেক্ষা করতে হবে OHIP-এর মাধ্যমে স্বাস্থ্যসেবার খরচ মিটাবার লক্ষ্যে। তবে আপনি এখানে আসার পর পরই একটি OHIP কার্ডের জন্য আবেদন করলে ভালো হবে। অপেক্ষা করার এই সময়টার জন্য আপনি প্রাইভেট ইন্স্যুরেন্স নেয়ার চিন্তা করতে পারেন।

৫. কিভাবে আমি অণ্টারিও হেল্থ্ ইন্স্যুরেন্স প্ল্যান Ontario Health Insurance Plan (OHIP)-এর জন্য আবেদন করবো ?

আপনাকে অবশ্যই আপনার নিকটবর্তী ServiceOntario অফিসে ব্যক্তিগতভাবে হাজির হয়ে আবেদন জমা দিতে হবে।

আবেদন জমা দেয়ার সময় আপনাকে অবশ্যই ঃ

- একটি অণ্টারিও হেল্থ্ কভারেজ **ফর্ম** (0265-82) **পূরণ করতে হবে**। ServiceOntario অফিসে কিংবা (get a copy online) অন্লাইনে আপনি এই ফর্মের একটি কপি পেতে পারেন।
- আপনার পরিচয় প্রমাণ করার জন্য আপনাকে (Provide original documents) অরিজিনাল কাগজপত্র নিয়ে আসতে হবে, প্রমাণ করতে হবে যে আপনি অণ্টারিওতে বসবাস করেন এবং দেখাতে হবে যে অভিবাসীদের শর্ত আপনি পূরণ করেছেন।

৬. অণ্টারিও'র হেল্থ্ কেয়ার সিস্টেমের মাধ্যমে সাহায্য পেতে হলে আমাকে কি করতে হবে ?

আপনি যখন মেডিকাল সাহায্যের জন্য যাবেন তখন অবশ্যই আপনার অণ্টারিও হেল্থ্ কার্ড দেখাতে হবে। ঐ কার্ডই হচ্ছে প্রমাণ যে আপনার স্বাস্থ্যসেবা সার্ভিসের খরচ অণ্টারিও হেল্থ্ ইন্স্যুরেন্স (OHIP)-এর মাধ্যমে মেটাতে আপনি যোগ্য। এই প্ল্যানে যখন আপনি যোগ দেবেন তখন আপনি এই কার্ডটি পাবেন। ***সর্বদাই আপনার কার্ড আপনার সাথে রাখবেন।***

সাহায্য পাওয়ার জন্য আপনি কোথায় যাবেন ? এটা নির্ভর করবে কিধরনের সাহায্য আপনার প্রয়োজন। আপনার স্বাস্থ্যসেবার মনোনয়ন (your health care choices) এই তালিকার মধ্যে আছে ঃ

হেল্থ্ কেয়ার মনোনয়ন	এটি কি ...	কখন আপনার প্রয়োজন হতে পারে ...
টেলিহেল্থ্ (১-৮৬৬-৭৯৭-০০০০)	এটি হচ্ছে বিনাখরচে, গোপনীয় ফোন্ সার্ভিস। স্বাস্থ্য সেবা পাওয়ার ক্ষেত্রে আপনি টেলিফোন করতে পারেন কিংবা স্বাভাবিক স্বাস্থ্য সম্বন্ধে তথ্য পেতে পারেন একজন রেজিস্টার্ড নার্সের কাছ থেকে।	যখন দিনে বা রাতে আপনার সাহায্যের প্রয়োজন হয় কি করবেন সে-সম্বন্ধে সিদ্ধান্ত নিতে ঃ ▪ নিজের যত্ন নিতে ▪ আপনার ডাক্তারের সাথে অ্যাপয়েণ্টমেণ্ট করতে ▪ একটি ক্লিনিকে যেতে ▪ একটি কমিউনিটি সার্ভিসের সাথে যোগাযোগ করতে ▪ হাসপাতালের এমার্জেন্সী রুমে যেতে
ডাক্তার ও অন্যান্য ফ্যামিলী স্বাস্থ্যসেবা প্রদানকারী	এর মধ্যে পড়ে আপনার ফ্যামিলী ডাক্তার ও নার্স। তাঁরা ওষুধ, রোগনির্ণয় এবং রোগের টিকিৎসা, শারীরিক অসুস্থতা এবং সববয়সের রোগীদের ক্ষতস্থান কেন্দ্রীভূত করেন।	জরুরি নয় এমন ক্ষেত্রে যদি আপনার সেবার প্রয়োজন হয়।
ফ্যামিলী হেল্থ্ টিমসমূহ	নিবন্ধভুক্ত রোগীদের সবচাইতে উন্নতমানের সেবা প্রদান করার লক্ষ্যে একটি ফ্যমিলী হেল্থ্ টীম বিভিন্ন ধরনের স্বাস্থ্য সেবাপ্রদানকারীদের একত্রিত ক'রে থাকেন। এই টীমের মধ্যে থাকে ডাক্তার, নার্স ও অন্যান্য পেশাদার ব্যক্তিবর্গ যাঁরা একসাথে কাজ করেন বিভিন্ন ধরনের স্বাস্থ্য সেবা দেয়ার ক্ষেত্রে।	জরুরি নয় এমন ক্ষেত্রে যদি আপনার সেবার প্রয়োজন হয়।
নার্স প্র্যাক্টিশনার ক্লিনিক সমূহ	এই ক্লিনিকগুলিতে আপনি মৌলিক স্বাস্থ্যসেবা পাবেন এবং সুস্থ থাকা ও রোগ এড়ানো সম্বন্ধে জানত পারবেন। এই ক্লিনিক আপনার সাহায্য করবে আপনার প্রয়োজন অনুযায়ী অন্যান্য সার্ভিস ও কমিউনিটি-ভিত্তিক প্রোগ্রামগুলি খুঁজে বের করতে।	আপনার যদি ফ্যমিলী ডাক্তার না থাকে এবং মৌলিক স্বাস্থ্যসেবার প্রয়োজন হয়।
কমিউনিটি হেল্থ্ সেণ্টার	এই সেণ্টারগুলি স্বাস্থ্যসেবা ও স্বাস্থ্য বিষয়ক	যখন স্বাস্থ্যসেবা পাওয়ার ক্ষেত্রে অসুবিধা

হেল্থ্ কেয়ার মনোনয়ন	এটি কি ...	কখন আপনার প্রয়োজন হতে পারে ...
সমূহ	উৎসাহদান দিয়ে থাকে ব্যক্তিবর্গ, পরিবার ও কমিউনিটিদেরকে।	সৃষ্টি করে প্রতিবন্ধকতার কারণে যেমন ঃ ▪ ভাষাগত ▪ কৃষ্টিগত ▪ শারীরিক অক্ষমতা ▪ গৃহহীনতা ▪ দারিদ্র্যাবস্থা ▪ দূরবর্তী অবস্থান
ওয়াক-ইন্ অথবা স্বাভাবিক কর্মসময়ের বাইরে ক্লিনিক	এটি হচ্ছে হাসপাতাল নয় এমন ক্লিনিক যেখানে সাধারণ, জরুরি নয় এমন প্রয়োজনে সেবা পেতে পারেন। সন্ধ্যা পর্যন্ত এবং সপ্তাহান্তেও এগুলির সময়সীমা প্রসারিত থাকে। অনেক সময় অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই আপনি 'ওয়াক-ইন'-এ যেতে পারেন।	জরুরি নয় এমন ক্ষেত্রে যদি আপনার সেবার প্রয়োজন হয়।
আর্জেন্ট কেয়ার সেণ্টার	আর্জেণ্ট কেয়ার সেণ্টারগুলি জীবনের ঝুঁকি নেই এমন অবস্থার ক্ষেত্রে সাহায্য দিতে পারে দিনের বেলা, সন্ধ্যায় এবং সপ্তাহান্তে। এই সেণ্টারগুলি সকলপ্রকার সার্ভিস দিতে পারে অস্ত্রচিকিৎসা ছাড়া।	অল্প কিংবা জটিল নয় এমন অবস্থায় যখন জরুরি সেবা পাওয়ার প্রয়োজন হয়। *উদাহরণ ঃ* চোখের আঘাত, ক্ষত, ভগ্ন অঙ্গ প্রত্যঙ্গ, এক্স-রে, এবং ল্যাব টেস্ট।

৭. অণ্টারিওতে হেল্থ্ কেয়ার সিস্টেম সম্বন্ধে আমার প্রশ্ন আছে। কার সাথে আমি টেলিফোনে কথা বলতে পারি ?

যোগাযোগ করুন ServiceOntario, INFOline-এর সাথে সকাল ৮:৩০টা থেকে বিকাল ৫:০০টা সময়ের মধ্যে। সেখানে কর্মচারী প্রস্তুত আছেন আপনাকে সাহায্য করতে ইংরেজি, ফ্রেঞ্চ ও আরো ২০টি ভাষায়। টেলিফোন করুন ঃ

- ১-৮৬৬-৫৩২-৩১৬১
- TTY ১-৮০০-৩৮৭-৫৫৫৯
- টরণ্টোতে, TTY ৪১৬-৩২৭-৪২৮২

বিস্তারিত জানার জন্য আমাদের health.gov.on.ca ওয়েবসাইট খুলে দেখুন।